



আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

ANSAR-VDP UNNAYAN BANK

আইসিটি বিভাগ

অফিস আদেশ

সূত্র: ২/২২/১১১/৬২৫৩

তারিখ: ০৩-০৫-২০২৩

শাখা ব্যবস্থাপক,
মেহেরপুর, মহেশপুর, মিরপুর, কুমারখালী, ভেড়ামারা, কালীগঞ্জ শাখা
আঞ্চলিক ব্যবস্থাপক, কুষ্টিয়া অঞ্চল
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।

বিষয়: Easy Balancing উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত চূড়ান্ত অফিস আদেশ জারী করা প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম সূচক ১.১ এ বর্ণিত “সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন” এর লক্ষ্যে উদ্ভাবনী ধারণা আহবানের বিপরীতে ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে প্রাপ্ত ধারণাসমূহের উপর বিশদ আলোচনা-পর্যালোচনার প্রেক্ষিতে অত্র ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত উদ্ভাবনী ধারণা Easy Balancing এর পাইলটিং পরবর্তী মূল্যায়ন সভার সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট সফটওয়্যারটি প্রাথমিকভাবে কুষ্টিয়া অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক ও কুষ্টিয়া অঞ্চলের আওতাধীন মেহেরপুর, মহেশপুর, মিরপুর, কুমারখালী, ভেড়ামারা, কালীগঞ্জ শাখার ব্যবস্থাপকবৃন্দ ও ব্যাংকের নির্বাহীবৃন্দের ব্যবহারের জন্য উন্মুক্ত করা হলো।

২। পর্যায়ক্রমে সফটওয়্যারটি ব্যাংকের সকল নন-সিবিএস শাখা সমূহ ও সকল আঞ্চলিক ব্যবস্থাপকগণের ব্যবহারের জন্য উন্মুক্ত করা হবে।


৩। Easy Balancing সফটওয়্যারটির ওয়েব অ্যাড্রেস/URL হলোঃ ebalance.ansarvdpbank.gov.bd । ব্যবহারকারীগণকে তাদের ইউজার আইডি ও পাসওয়ার্ড ই-মেইল এর মাধ্যমে অতিসত্বর অবহিত করা হবে। প্রথমবার লগইন করার পর স্ব-স্ব ইউজার তাদের পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে।

৪। সফটওয়্যারটি ব্যবহারের নিয়মাবলী সম্বলিত পুস্তিকা (ইউজার ম্যানুয়াল) ই-মেইল এর মাধ্যমে সংশ্লিষ্ট সকল শাখা ও কার্যালয়সমূহে পাঠানো হবে।

৫। Easy Balancing সফটওয়্যারজনিত যেকোনো প্রয়োজনে জনাব তৌহিদ মোহাম্মদ শোয়েব (৬০৯), প্রোগ্রামার, আইসিটি বিভাগ, মোবাইল নং-০১৭১৭১৩৯২৮৭, ই-মেইল- avubcomputer@gmail.com এর সাথে যোগাযোগের নির্দেশনা প্রদান করা হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যক্রম হবে।

অনুমোদনক্রমে,


(মোহাম্মদ হাসান মাহমুদ)
সিস্টেম এনালিস্ট
ও সদস্য, ইনোভেশন টিম

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (কেন্দ্রীয় হিসাব ও নিরীক্ষা এবং অপারেশন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। নথি / মহানথি

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.

Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615

Website: www.ansarvdpbank.gov.bd E-mail: info@ansarvdpbank.gov.bd